

# কিছু স্কুল খুললেও বাকীগুলো কবে খুলবে?

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১২:২৭, ১২ আগস্ট ২০২৪



খুলেছে কিছু স্কুল, অন্যরা সিদ্ধান্তহীনতায়

ধীরে ধীরে খুলতে শুরু করেছে রাজধানীর স্কুলগুলো। এর মধ্যে কিছু স্কুল খুললেও অন্যরা সিদ্ধান্তহীনতায় খোলেনি। তবে এখনো আতঙ্ক কাটেনি সাধারণ মানুষের। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক না হওয়ায় ভয় আর আতঙ্ক নিয়েই বিদ্যালয়ের পথ ধরতে হচ্ছে শিক্ষার্থীদের।

গতকাল সপ্তাহের প্রথম কার্যদিবসে রাজধানীর কিছু স্কুল খোলা পাওয়া গেছে আবার কিছু বন্ধ। বেসরকারি স্কুলগুলোর মধ্যে কিছু খোলা থাকলেও সরকারি স্কুলগুলোর অধিকাংশই বন্ধ। হাতেগোনা কয়েকটি স্কুল খুললেও শিক্ষার্থীদের উপস্থিতি ছিল কম। যারা এসেছেন তাদের মধ্যেও দেখা গেছে এক ধরনের অস্বস্তি।

বনশ্রী আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের দশম শ্রেণির এক শিক্ষার্থীর বাবা শফিকুল ইসলাম বলেন, ৭ আগস্ট থেকে স্কুল খোলা থাকলেও নিরাপত্তাজনিত কারণে ছেলেকে স্কুলে পাঠায়নি। সেনাপ্রধান ঘোষণা দেওয়ার পর স্কুল খুলেছে। কিন্তু আমি বাচ্চাকে পাঠাইনি। মন্ত্রণালয় থেকে ঘোষণার আগে পাঠাব না।

আর এখন আইনশৃঙ্খলা পরিস্থিতির যে অবস্থা, সেই কারণেই ছেলেকে স্কুলে পাঠানোর সাহসও পাচ্ছি না।' মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ এমাম হোসাইন জানান, স্কুল খোলা থাকলেও শিক্ষার্থীদের উপস্থিতি কম থাকায় স্বাভাবিক পাঠদান প্রক্রিয়ায় ফেরা যাচ্ছে না।

গতকাল থেকে স্কুলে যাওয়া শুরু করেছে মিরপুরের সাউথ পয়েন্ট স্কুল ও কলেজের অষ্টম শ্রেণির শিক্ষার্থী তামান্না রহমান। তামান্নার মা পারুল আক্তার তার মেয়ের নিরাপত্তা নিয়েই বেশি শঙ্কিত। সেজন্য নিজেই মেয়েকে নিয়ে স্কুলে যাওয়া-আসা করছেন।

পারুল বলেন, এতদিনে বাচ্চাদের অনেক ক্ষতি হয়েছে পড়াশোনায়। কিন্তু তার পরও স্কুলে পাঠাতে ভয় লাগছে। রাস্তাঘাটের পরিস্থিতি ভালো না, নিরাপত্তা তো একেবারেই নেই।

প্রসঙ্গত, ৭ আগস্ট থেকে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার নির্দেশনা এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছিল আন্তর্জাতিক জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)।

---

এবি